আমি অবশ্যই তোমাদের নিয়ে সালাত আদায় করবো, বস্তুত আমার উদ্দেশ্য সালাত আদায় করা নয় বরং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে আমি যেভাবে সালাত আদায় করতে দেখেছি, তা তোমাদের দেখানোই আমার উদ্দেশ্য।

আবূ কিলাবাহ্ আব্দুল্লাহ ইবন যায়েদ যারমী বাসরী হতে বর্ণিত, তিনি বলেন, “মালিক ইব্নু হুওয়াইরিস আমাদের এ মসজিদে এলেন। তিনি বললেন, আমি অবশ্যই তোমাদের নিয়ে সালাত আদায় করবো, বস্তুত আমার উদ্দেশ্য সালাত আদায় করা নয় বরং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -কে আমি যেভাবে সালাত আদায় করতে দেখেছি, তা তোমাদের দেখানোই আমার উদ্দেশ্য। [রাবী আইয়ূব বলেন] আমি আবূ কিলাবাকে জিজ্ঞেস করলাম, তিনি কিরূপে সালাত
আদায় করতেন? তিনি বললেন, আমাদের এই শাইখের মত আর শাইখ সাজদাহ্ থেকে যখন মাথা তুলতেন
তখন দাঁড়ানোর আগে একটু বসতেন”। তাদের শায়খ দ্বারা উদ্দেশ্য : আবূ বুরাইদাহ, আমর ইবন সালামাহ আল-যুরমী।
[সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

আবূ কিলাবাহ বলেন, একজন সাহাবী মালিক ইব্নু হুওয়াইরিস আমাদের এ মসজিদে এলেন। তিনি বললেন, আমি তোমাদের নিকট এসেছি যাতে আমি তোমাদের নিয়ে সালাত আদায় করি।, বস্তুত তার দ্বারা আমার উদ্দেশ্য কাজের মাধ্যমে তোমাদেরকে রাসূলুল্লাহর সালাত শেখানো। যাতে প্রাক্টিক্যাল শিক্ষা বুঝতে সহজ ও তোমাদের অন্তবে স্থায়ী হয়। বর্ণনাকারী আবূ কিলাবা থেকে বলেন, মালেক ইবন হুয়াইরিস যিনি তোমাদের নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সালাত শিখালেন তিনি কিরূপে সালাত আদায় করতেন? তিনি বললেন, আমাদের এই শাইখ আবূ ইয়াযিদ আমর ইবন সালমাহ আল জুরামীর মতো। তিনি সাজদাহ্ থেকে দাঁড়ানোর জন্যে যখন মাথা উত্তোলন করতেন, তখন দাঁড়ানোর আগে একটু বসতেন।

https://sunnah.global/hadeeth/bn/show/5391